**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল অর্থবছর 2023 এর স্টেট বাজেটের অংশ হিসেবে LGBTQ+ সমতায় বড় অগ্রগতির ঘোষণা করলেন

***এর মধ্যে রয়েছে LGBTQ+ স্বাস্থ্য এবং মানবসেবা তহবিলে ঐতিহাসিক 13.5 মিলিয়ন মার্কিন ডলার***

***বিয়ের সনদে নাম বা লিঙ্গ উপাধি পরিবর্তনের একটি পদ্ধতি তৈরি করে***

***সকল স্টেট এজেন্সির জন্য স্টেট ফর্মে পাবলিক 'X' লিঙ্গ উপাধি উপলভ্য করা আবশ্যিক করার ক্ষেত্রে দেশের মধ্যে শীর্ষস্থানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল এবং ট্রান্সজেন্ডার (LGBT) কমিউনিটি সেন্টার (Community Center) 2022 নৈশভোজে বক্তব্য দিয়েছেন এবং প্রণীত অর্থবছর 2023 এর স্টেট বাজেটের (State Budget) অংশ হিসেবে LGBTQ+ সমতায় বড় অগ্রগতির ঘোষণা করেছেন। বাজেটে লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার+ (LGBTQ+) সম্প্রদায়কে সমর্থন করার জন্য স্বাস্থ্য ডিপার্টমেন্টের (Department of Health, DOH) জন্য 13.5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে এবং তা বার্ষিক LGBTQ+ স্বাস্থ্য ও মানবসেবা তহবিলের (LGBTQ+ Health and Human Services) দ্বিগুণের বেশি। এছাড়াও এটি একটি ব্যক্তির লিঙ্গের ব্যাপারে তথ্য সংগ্রহ করা সকল স্টেট এজেন্সির জন্য স্টেট ফর্মে মানুষ যাতে তাদের লিঙ্গ 'X' হিসেবে লিখতে পারে তার সুযোগ প্রদান করা এবং ডেটা সংগ্রহে সেই তথ্য যোগ করা আবশ্যিক করে। এছাড়াও বাজেট ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসীদেরকে বিয়ের সনদে তাদের নাম বা লিঙ্গ উপাধি পরিবর্তন করতে দেয় যাতে তাদের মৃত নাম তাদের সাথে থেকে না যায়।

"LGBTQ সম্প্রদায়ের সদস্যদের জন্য, বিশেষ করে অশ্বেতাঙ্গ কুইয়ার এবং ট্রান্স মানুষের জন্য মূল্যবোধ, ভালোবাসা ও অন্তর্গত হওয়ার একটি স্থান প্রদান করার জন্য LGBT সেন্টারের কাজ অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "গত দুই বছর আমাদের সকলের জন্য অনেক কঠিন ছিলো, কিন্তু এটি বিশেষ করে LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের জন্য যাদের সর্বদাই হোমোফোবিয়া এবং ট্রান্সফোবিয়ার কারণে কিছুটা বিচ্ছিন্নই থাকতে হয়। সেই কারণে আমাদের নতুন প্রণীত বাজেটের জন্য LGBTQ+ ন্যায্যতার জন্য ঐতিহাসিক পর্যায়ের স্টেট তহবিল ও উদ্যোগ নিয়ে সমতার লড়াই অগ্রসর করা অনেক গুরুত্বপূর্ণ।"

অর্থবছর 2023 এর স্টেট বাজেটে LGBTQ+ সম্প্রদায়কে এবং সেবাদানকারীদের একটি নেটওয়ার্ককে সমর্থনের জন্য স্বাস্থ্য ডিপার্টমেন্টের জন্য 13.5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে, যা বিগত অর্থবছরের তুলনায় 8 মিলিয়ন মার্কিন ডলার বেশি, যেখানে থাকবে সরাসরি স্বাস্থ্যসেবা, সাংস্কৃতিক পারদর্শিতার শিক্ষা এবং প্রশিক্ষণ, সাংগঠনিক ধারণক্ষমতা গঠন এবং ট্রান্সজেন্ডার কল্যাণ উদ্যোগসমূহ। এই বৃদ্ধি LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের এবং একইসাথে ট্রান্সজেন্ডার, জেন্ডার কনফরমিং, এবং নন-বাইনারি সম্প্রদায়ের সদস্যদের সেবাদানকারী সংগঠনগুলির জীবন রক্ষাকারী কাজের স্বীকৃতি প্রদান করে।

2019 সালে লিঙ্গ বহিঃপ্রকাশে বৈষম্যহীনতার আইন (Gender Expression Non-Discrimination Act, GENDA) পাশ করার পরেও, এ ব্যাপারে কাজ করা প্রবক্তারা ট্রান্সজেন্ডার ব্যক্তিরা নিজেদের বিদ্যমান বিয়ের সনদে সম্পূর্ণ নাম পরিবর্তন করতে যেই প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে সে ব্যাপারে কথা বলেছে। এই সম্প্রদায়ের জন্য উপলভ্য উপায়গুলি হলো সনদে নিজের মৃত নাম কেটে দেওয়া বা তালাক গ্রহণ করে পুনরায় বিয়ে করা।গভর্নরের প্রথম বাজেটে তিনি এই সমস্যা সংশোধন করার জন্য এবং ট্রান্সজেন্ডার ব্যক্তিদের তাদের বিয়ের সনদে নিজেদের নাম বা লিঙ্গ উপাধি পরিবর্তন করার একটি যথাযথ ও নিশ্চিত উপায় তৈরি করে একটি বিধিমালা প্রণয়ন করেছেন।

এছাড়াও, বাজেটে একটি বিধিমালা রয়েছে যা 1 জানুয়ারি, 2023 তারিখ থেকে স্টেট এজেন্সিগুলির জন্য লিঙ্গ বা সেক্স তথ্য সংগ্রহ করা সকল স্টেট ফর্মে মানুষ যাতে তাদের লিঙ্গ বা সেক্স 'X' হিসেবে লিখতে পারে তার সুযোগ প্রদান করা আবশ্যিক করে। শ্রম ডিপার্টমেন্ট (Department of Labor), চিলড্রেন এবং ফ্যামিলি সার্ভিসেস অফিস (Office of Children and Family Services), টেম্পোরারি ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary Disability Assistance) এবং ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের (Division of Criminal Justice Services) কাছে 1 জানুয়ারি, 2024 তারিখ পর্যন্ত সময় থাকবে। সময়ের মধ্যে কাজটি করতে না পারা এজেন্সিগুলিকে জনসাধারণের জন্য একটি প্রতিবেদন প্রকাশ করার মাধ্যমে এই পলিসি মেনে চলতে তাদের প্রচেষ্টার ব্যাপারে স্বচ্ছ হতে হবে। বিলটির প্রণয়ন এবং বিয়ের সনদে নাম পরিবর্তন করে নিউ ইয়র্ক স্টেট রেকর্ড ও সনাক্তকরণ নথি যাতে একজন ব্যক্তির পরিচয়কে সঠিকভাবে প্রতিফলিত করে তা নিশ্চিত করার ক্ষেত্রে দেশের শীর্ষস্থানেই থাকলো।

এছাড়াও বাজেট নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে LGBTQ+ সম্প্রদায়কে তাদের পরিচয়ের জন্য বেআইনি বৈষম্যের শিকার হওয়া থেকে রক্ষা করতে মানবাধিকার ডিভিশনের (Division of Human Rights) প্রচেষ্টার সমর্থনে 12.5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যা বিগত অর্থবছরের তুলনায় 3.7 মিলিয়ন মার্কিন ডলার বেশি। মানবাধিকার ডিভিশন মানবাধিকার আইন (Human Rights Law,) প্রয়োগ ও প্রচার করতে তদন্ত, প্রসিকিউশন, এবং শিক্ষা ব্যবহার করে, আইনটি সেক্স, সেকসুয়াল ওরিয়েন্টেশন, লিঙ্গ পরিচয় বা বহিঃপ্রকাশ, বৈবাহিক অবস্থা, বয়স, জাতি, জাতীয় উৎস, অক্ষমতা, এবং অন্যান্য বিশেষায়িত শ্রেণীর ভিত্তিতে বৈষম্য নিষিদ্ধ করে।

**LGBTQ+ সম্প্রদায়কে রক্ষা করা**

অর্থবছর 2023 স্টেট বাজেট এছাড়াও ঘৃণা অপরাধের বিরুদ্ধে সম্প্রদায়সমূহকে সুরক্ষিত করার (Securing Communities Against Hate Crimes, SCAHC) জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করে। পাশাপাশি, ঘৃণা অপরাধের শিকার ব্যক্তিদের জন্য ভাতা বৃদ্ধি পাবে, যারা এখন ক্ষতিপূরণ হিসেবে 2,500 মার্কিন ডলার পর্যন্ত পেতে পারবে, যা বিগত বছরগুলির থেকে 2,000 মার্কিন ডলার বেশি।

মানবাধিকার ডিভিশন একটি ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিট (Hate and Bias Prevention Unit) গঠন করবে, যা প্রথম গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেটের ভাষণে (State of the State Address) ঘোষণা করা হয়েছিলো, যাতে ঘৃণা ও পক্ষপাতের ঘটনায় একটি সমন্বিত, দ্রুত এবং সম্প্রদায়কেন্দ্রিক সাড়াদান সম্ভব হয়। ইউনিটের সাধারণ দায়িত্বের মধ্যে থাকবে জনশিক্ষা ও আউটরিচ প্রচেষ্টার নেতৃত্বদান, স্থানীয় সম্প্রদায়সমূহে একটি যথাসময়ে পূর্বে সতর্কতা সনাক্তকরণ ব্যবস্থা হিসেবে কাজ করা, এবং এক বা একাধিক পক্ষপাত ঘটনা ঘটেছে এমন এলাকা ও সম্প্রদায়সমূহে দ্রুত সংহতি ফেরানো।

**স্টেট সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন,** "নিউ ইয়র্কে LGBTQ+ অধিকার রক্ষার ক্ষেত্রে এটি একটি ঐতিহাসিক মুহূর্ত। মাত্র দুইজন প্রকাশ্যে গে সিনেটরের একজন হিসেবে, আমি আমাদের LGBTQ+ সম্প্রদায়কে সুরক্ষিত করতে গভর্নর হোকলের প্রচেষ্টার জন্য কৃতজ্ঞ। অগ্রগতিগুলি LGBTQ+ নিউ ইয়র্কবাসীদের জন্য আমার প্রচার করা বিগত কিছু বিলের অনুবর্তী, যার মধ্যে রয়েছে GENDA-র মতো অতি গুরুত্বপূর্ণ বিধিমালা, লিঙ্গ স্বীকৃতির অ্যাক্ট (Gender Recognition Act), কনভার্সন থেরাপির নিষেধাজ্ঞা, এবং ওয়াকিং হোয়াইল ট্রান্স (Walking While Trans) বাতিল করা। বিশেষ করে পুরো দেশে LGTBQ বিরোধী বিধিমালা প্রণীত হওয়ার পরিপ্রেক্ষিতে, গভর্নর হোকলের প্রচেষ্টার জন্য এর থেকে ভালো সময় হতে পারতো না।"

নিউ ইয়র্ক স্টেট লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল এবং ট্রান্সজেন্ডার স্বাস্থ্য ও মানব সেবা নেটওয়ার্ক (দ্য নেটওয়ার্ক) (Lesbian, Gay, Bisexual and Transgender Health & Human Services Network, The Network) একটি কোয়ালিশন যা 1994 সালে প্রতিষ্ঠিত হয় এবং এটি LGBT নিউ ইয়র্কবাসী এবং আমাদের পরিবারকে সেবাদানকারী 71টি LGBT-নির্দিষ্ট এবং LGBT-সমর্থক অলাভজনক সংগঠন নিয়ে গঠিত সেন্টার দ্বারা পরিচালিত হয়।

নেটওয়ার্কের সদস্যরা পরস্পরকে সমর্থন করে এবং একে অন্যের থেকে শিক্ষালাভ করে, ধারণক্ষমতা গঠন করে এবং সকল LGBT মানুষের জন্য একটি নিরাপদতর এবং আরো সমর্থক স্টেট বানানোর জন্য নিজেদের সক্ষমতা বৃদ্ধি করে। উদাহরণস্বরূপ, বহু ট্রান্সজেন্ডার ক্লায়েন্টদের জীবনে নানাপ্রকার অভিজ্ঞতা আছে, যার মধ্যে অনেকগুলি হলো বর্ণবাদ, শ্রেণীভেদ এবং ট্রান্স বা হোমোফোবিয়ার একটি সংমিশ্রণ, সেটির স্বীকৃতি প্রদান করে দ্য নেটওয়ার্ক প্রতিটি সংগঠন এই সম্প্রদায়ে যে সংস্থান ও সেবাদান করতে পারে, তার মান উন্নয়নে কাজ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418